কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৯৯** **তারিখ :** ০৭ ফাল্গুন ১৪২৪ / ১৯ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৫তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ মহোদয়ের সভাপতিত্বে ১৫-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৫তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ৯৫তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

১৯.০২.১৮

**(মো: আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৫। অতিরিক্ত সচিব (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সিড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি:;
১৭। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৫তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| **সভাপতি** | : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় |
| **সভার তারিখ** | : ১৫ ফেব্রুয়ারি ২০১৮ |
| **সময়** | : বিকাল ৩.০০টা |
| **স্থান** | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| **উপস্থিতি** | : পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে ৯৫তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান। প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৪তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৪তম সভা ২৭/১২/২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ৩১/১২/২০১৭ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.১০১১ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** জাতীয় বীজ বোর্ডের ৯৪তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

**(১) "বাংলাদেশ প্লান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন-২০১৮" এর খসড়া**

**আলোচনা:** "বাংলাদেশ প্লান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন-২০১৮" এর খসড়ার ওপর বেসরকারি সেক্টর ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের মতামত জানার জন্য আরো একটি আন্ত:মন্ত্রণালয় সভা করার সিদ্ধান্ত ছিল। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** ১৫মার্চ ২০১৮ তারিখের মধ্যে সকল অংশিজন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিদের অংশগ্রহনে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে।

**(২) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনা।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের ৯৪তম সভার আলোচ্য বিষয় ৩ এর সিদ্ধান্ত (২) অনুযায়ী কারিগরি কমিটি কর্তৃক হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনার বিষয়ে কারিগরি কমিটির সুপারিশকৃত "দেশে উদ্ভাবিত ধানের কোন Standard হাইব্রিড না থাকায়" বিষয়টি যৌক্তিক নয় বিধায় তা বাদ দিয়ে কারিগরি কমিটি নিম্নবর্ণিতভাবে প্রস্তাব করেছে:

০১। কারিগরি কমিটি হাইব্রিড ধানের জাত মূল্যায়ন কার্যক্রমে ব্রি হাইব্রিড ধান৫ জাতটিকে বোরো মৌসুমে সাময়িকভাবে চেকজাত হিসেবে ব্যবহারের জন্য সুপারিশ করেছে। হাইব্রিড ধানের জাত চেকজাত হিসেবে ব্যবহৃত হলে অবশ্যই প্রস্তাবিত হাইব্রিড ধানের ফলন চেক জাত হতে কমপক্ষে ১০% (Heterosis) বেশি থাকতে হবে। তবে প্রস্তাবিত হাইব্রিড জাতের জীবনকাল ব্রি হাইব্রিড ধান৫ এর চেয়ে ৭দিন কম হলে এবং অন্যান্য বিশেষ বৈশিষ্ট্য বিদ্যমান থাকলে চেকজাতের সাথে হাইব্রিড জাতের সমপর্যায়ে ফলন বিবেচনা করার জন্য করিগরি কমিটি সুপারিশ করেছে।

০২। চলতি বোরো মৌসুমে (২০১৭-১৮) হাইব্রিড ধানের ট্রায়ালে চেকজাত হিসেবে ব্রি ধান২৮ ও ব্রি ধান২৯ এর সাথে ব্রি হাইব্রিড ধান৫ ব্যবহার করা যাবে। পূর্বের বপনকৃত চারার সাথে হাইব্রিড চেকজাতের জীবনকালের তারতম্যের সৃষ্টি হলে প্রয়োজনে ৩য় বছর ট্রায়ালের জন্য কারিগরি কমিটি মতামত দিয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** ০১। কারিগরি কমিটির সুপারিশ মোতাবেক হাইব্রিড ধানের জাত মূল্যায়ন কার্যক্রমে ব্রি হাইব্রিড ধান৫-কে বোরো মৌসুমে চেকজাত হিসাবে সাময়িকভাবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া হাইব্রিড ধানের জাত চেক জাত হিসাবে ব্যবহৃত হলে অবশ্যই প্রস্তাবিত হাইব্রিড ধানের ফলন চেক জাত হতে কমপক্ষে ১০% (Heterosis) বেশি থাকতে হবে। তবে প্রস্তাবিত হাইব্রিড জাতের জীবনকাল ব্রি হাইব্রিড ধান৫ এর চেয়ে ৭দিন কম হলে এবং অন্যান্য বিশেষ বৈশিষ্ট্য বিদ্যমান থাকলে চেকজাত এবং হাইব্রিড জাতের ফলন সমান হতে পারে।

০২। চলতি বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালে চেকজাত হিসেবে ব্রি হাইব্রিড ধান৫ ব্যবহার করতে হবে। পূর্বের বপনকৃত চারার সাথে হাইব্রিড চেকজাতের জীবনকালের তারতম্যের সৃষ্টি হলে প্রয়োজনে ৩য় বছর ট্রায়ালের ব্যবস্থা করতে হবে।

**আলোচ্য বিষয় ৩। বোরো মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ৭টি জাত নিবন্ধন।**

**আলোচনা:** ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্ম উভয়ক্ষেত্রে চেকজাত ব্রি ধান২৮, ব্রি ধান২৯ থেকে দুই বছরের গড় ফলন তিন কিংবা তিনের অধিক স্থানে হেটারোসিস ২০% বা তার বেশী হওয়ায় সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের জন্য ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড, মাহিকো বাংলাদেশ (প্রা:) লি:, ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ, উইনাল হাইটেক সীড কোম্পানী লিমিটেড ও গোল্ডেন বার্ন কিংডম বাংলাদেশ (প্রা:) লিমিটেড-এর প্রস্তাবিত ৭টি জাত নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** বোরো মৌসুমে চাষাবাদের জন্য কারিগরি কমিটির সুপারিশকৃত হাইব্রিড ধানের নিম্নবর্ণিত ৭টি জাত সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

১. ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড-এর প্রস্তাবিত ভারতের Bisco Bio Sciences Pvt. Ltd., হতে সংগৃহীত LG 92.01 জাতটি "ভিশন এগ্রো হাইব্রিড ধান-১ (LG 92.01)" নামে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

২. ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড-এর প্রস্তাবিত ভারতের Bisco Bio Sciences Pvt. Ltd., হতে সংগৃহীত LG 93.01 জাতটি "ভিশন এগ্রো হাইব্রিড ধান-২ (LG 93.01)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

৩. মাহিকো বাংলাদেশ (প্রা:) লি:-এর প্রস্তাবিত ভারতের Maharashtra Hybreed Seeds Co. Ltd., হতে সংগৃহীত MAHY-2 (RXEL-27) জাতটি "মাহিকো হাইব্রিড ধান-১ (RXEL-27)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

৪. ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ-এর প্রস্তাবিত ভারতের Maharashtra Hybreed Seeds Co. Ltd., হতে সংগৃহীত (RXML-22) জাতটি "ব্রাক হাইব্রিড ধান-১৪ (RXML-22)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

৫. উইনাল হাইটেক সীড কোম্পানী লিমিটেড-এর প্রস্তাবিত চীনের Winal Hi-Tech Seed Co. Ltd., হতে সংগৃহীত (Win-601) জাতটি "উইনাল হাইটেক হাইব্রিড ধান-৫ (Win-601)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

৬. উইনাল হাইটেক সীড কোম্পানী লিমিটেড-এর প্রস্তাবিত চীনের Winal Hi-Tech Seed Co. Ltd., হতে সংগৃহীত (Win-606) জাতটি "উইনাল হাইটেক হাইব্রিড ধান-৬ (Win-606)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

৭. গোল্ডেন বার্ন কিংডম বাংলাদেশ (প্রা:) লিমিটেড-এর প্রস্তাবিত চীনের China National Seed Group Co. Ltd., হতে সংগৃহীত (GBK C-2) জাতটি "জিবিকে হাইব্রিড ধান-১ (GBK C-2)" নামে ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

**শর্তাবলি:**

১। প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে এবং প্যাকেটের গায়ে কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।

২। যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে নামেই (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজারজাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

৩। বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্ত Supplying কোম্পানির সাথে হাইব্রিড আমদানিকারক কোম্পানির সম্পাদিত M0U ও Port arrival report বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহ করতে হবে।

৪। জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানির নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।

৫। প্রথম বছর বীজ আমদানিকে ভিত্তি ধরে পরবর্তী ৬(ছয়) বছরের মধ্যে কোম্পানি/ প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায়/ Joint venture programme এর মাধ্যমে বীজ উৎপাদন করতে হবে। ৭ম বছর থেকে কোন ক্রমেই বাণিজ্যিক উদ্দেশ্যে নিবন্ধিত হাইব্রিড জাতের বীজ আমদানি করা যাবে না।

**আলোচ্য বিষয় ৪। পাট বীজ আমদানির পরিমাণ নির্ধারণ।**

**আলোচনা:** সরকারের পাটবান্ধব নীতি ও কর্মসূচি গ্রহণের ফলে পাট ও পাটজাত পণ্যের ব্যবহার ও চাহিদা বৃদ্ধি পাওয়ায় পাট চাষিগণ পাট উৎপাদনে আরো বেশি আগ্রহী হচ্ছেন। আসন্ন ২০১৮-১৯ পাট উৎপাদন মৌসুমে চাষাবাদের জন্য প্রায় ৮.০৫ লক্ষ হেক্টর জমিতে পাট ও মেস্তা/কেনাফ চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উৎপাদিত মোট ৮১৬.০৪মে.টন বীজ আসন্ন মৌসুমে সরবরাহের জন্য মজুদ রয়েছে। পাট ও মেস্তা/কেনাফ বীজ আমদানির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** **১.** প্রচলিত নিয়ম অনুযায়ী বেসরকারি পর্যায়ে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়িত মানের ৫,১০০ (পাঁচ হাজার একশত) মে.টন তোষা পাট বীজ এবং ১,২০০ (এক হাজার দুইশত) মে.টন মেস্তা/কেনাফ বীজ আমদানির অনুমোদন দেয়া হলো।

**২.** উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই গত মৌসুমে পাটবীজ আমদানিকারকদের বীজ আমদানির পরিমাণ, বিক্রিত এবং অবিক্রিত বীজের পরিমাণের তথ্য সংগ্রহ করে চলতি মৌসুমের আমদানির অনুমতিপত্র (আইপি) ইস্যু করবে।

**৩.** যে সকল আমদানিকারকদের পাটবীজ অবিক্রিত রয়েছে তাদের শতকরা ১০-১৫ ভাগ দোকান/বীজ সংরক্ষণাগার সরেজমিন যাচাই করার জন্য নিম্নোক্তভাবে ১টি কমিটি গঠন করা হলো।

| | |
|---|---|
| ১. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা | আহবায়ক |
| ২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রতিনিধি | সদস্য |
| ৩. বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রতিনিধি | সদস্য |
| ৪. বাংলাদেশ সীড এসোসিয়েশনের প্রতিনিধি | সদস্য |

**আলোচ্য বিষয় ৫। বীজ আলুর শ্রেণী নির্ধারণ এবং আলুর টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার জন্য গাইডলাইন প্রণয়ন।**

**আলোচনা:** কারিগরি কমিটির ৮৮তম সভায় বীজ আলুর শ্রেণী নির্ধারণ, মাঠমান ও বীজমান নির্ধারণ এবং আলুর টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার জন্য গাইডলাইন প্রণয়ন এর লক্ষ্যে সদস্য পরিচালক (শস্য) বিএআরসি-কে আহবায়ক এবং অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং) বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য সচিব করে ১৪ সদস্য বিশিষ্ট ১টি উপকমিটি গঠন করা হয়। কমিটি ৪টি সভায় মিলিত হয়ে বীজ আলুর শ্রেণি নির্ধারণ এবং আলুর টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার জন্য ১টি গাইডলাইন প্রণয়ন করে। জাতীয় বীজ বোর্ডে

অনুমোদনের জন্য বর্ণিত বিষয়ে কারিগরি কমিটি সুপারিশ করেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** বীজ আলুর শ্রেণি নির্ধারণ এবং আলুর টিস্যু কালচার ল্যাব প্রতিষ্ঠার জন্য প্রণীত গাইডলাইনটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও অংশিজনদের নিকট হতে মার্চের ১৫ তারিখের মধ্যে লিখিত আকারে মতামত পাওয়ার জন্য পত্র প্রেরণ করতে হবে। মতামত প্রাপ্তির পর জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় গাইডলাইনটির বিষয়ে আলোচনা হবে।

**আলোচ্য বিষয় ৬। ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইন অনুমোদন।**

**আলোচনা:** কারিগরি কমিটির ৮০তম সভায় ইনব্রিড দানা ফসলের মূল্যায়ন ও চেক জাত নির্ধারণের ব্যাপারে একটি সুনিদিষ্ট গাইডলাইন প্রণয়নের লক্ষ্যে পরিচালক (গবেষণা) ব্রি-কে আহবায়ক করে ৫ সদস্য বিশিষ্ট উপকমিটি গঠন করা হয়। কমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে ইনব্রিড ফসল ধান ও গমের জাত মূল্যায়ন পদ্ধতির গাইডলাইন প্রণয়ন করে। গাইডলাইনটি অনুমোদনের জন্য করিগরি কমিটি সুপারিশ করেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** ইনব্রিড ফসল ধান ও গমের জাত মূল্যায়ন পদ্ধতির জন্য প্রণীত গাইডলাইনটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও অংশিজনদের নিকট মার্চের ১৫ তারিখের মধ্যে লিখিত আকারে মতামত পাওয়ার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে। মতামত প্রাপ্তির পর জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় গাইডলাইনটির বিষয়ে আলোচনা হবে।

**আলোচ্য বিষয় ৭। গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর হাইব্রিড ধান JD-013 আউশ মৌসুমে নিবন্ধনের আবেদন।**

**আলোচনা:** আউশ মৌসুমে নিবন্ধনের জন্য গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর প্রস্তাবিত হাইব্রিড ধানের জাত JD-013 এর বিষয়ে কারিগরি কমিটি কর্তৃক পর পর ২বছর ফিল্ড ট্রায়াল করা হয়েছে। নিবন্ধনের বিষয়ে কারিগরি কমিটির ৮৯তম সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়: "গোল্ডেন বার্ন কিংডম প্রাইভেট লিমিটেড এর JD-013 হাইব্রিড জাতটি ২টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে heterosis ২০% এর বেশী হলেও ৩টি অঞ্চলে heterosis ২০% এর বেশী না হওয়ায় চলতি মৌসুমে জাতটি নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো না। প্রাকৃতিক দুর্যোগ ও রোগবালাই দ্বারা ক্ষতিগ্রস্থ হওয়ায় চট্টগ্রাম অঞ্চলের ২য় বছরের ফলাফল বাতিল করে JD-013 হাইব্রিড জাতটি বিশেষ বিবেচনায় পরবর্তী এক বছর ট্রায়াল করার সুপারিশ করা হলো।"
গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর আবেদন এবং কারিগরি কমিটির সুপারিশের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** গোল্ডেন বার্ন কিংডম প্রাইভেট লিমিটেড এর আবেদনটি কারিগরি কমিটির মতামতের জন্য প্রেরণ করতে হবে।

পরিশেষে সভাপতি বীজ আলুর শ্রেণি নির্ধারণ ও আলুর টিস্যু কালচার ল্যাব প্রতিষ্ঠা এবং ধান ও গম ফসলের মাঠ মূল্যায়নের গুরুত্বপূর্ণ দুইটি গাইডলাইন প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০২.২০১৭

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
**www.moa.gov.bd**

## জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা

**বিষয়** : জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভা
**তারিখ** : ১৫-০২-২০১৮ খ্রি:, সময় : বিকাল ০৩.০০ টা
**স্থান** : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
**সভাপতি** : সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | আনোয়ার উদ্দিন আহমেদ | অতিরিক্ত সচিব (বীজ) কৃষি মন্ত্রণালয় | | [illegible] |
| ২ | মো: ফজলে ওয়াহেদ খোন্দকার | অতি: সচিব, কৃষি মন্ত্র. | | [illegible] |
| ৩ | মো: আলিম উদ্দিন | প্রধান বীজতত্ত্ববিদ | 01552584137 aimseed@gmail.com | [illegible] |
| ৪ | ড. মো: কবির ইকরামুল হক | নির্বাহী চেয়ারম্যান BARC | 01711466424 | [illegible] |
| ৫ | ড. মো: [illegible] | মহাপরিচালক ব্রি | 01712260050 | [illegible] |
| ৬ | মো: আবুল বাসার | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক (রুটিন দায়িত্ব) এসসিএ | 01920693266 adadmin@sca.gov.bd | [illegible] |
| ৭ | ড: মো: [illegible] | মহাপরিচালক বিনা | 01913006222 | [illegible] 15/2/18 |
| ৮ | ড. মো: ফরিদ উদ্দিন | নির্বাহী পরিচালক [illegible] | 01711020798 | [illegible] |
| ৯ | মোহাম্মদ মহসীন | মহাপরিচালক ডিএই | 01713063569 | [illegible] 15/2/18 |
| ১০ | ড: [illegible] | [illegible] | 01727272995 | [illegible] |
| ১১ | M. ANIS UD DOWLA | President BSA | | [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ড. মোঃ আজহার আলী | পরিচালক (ভারপ্রাপ্ত) উদ্ভিদ সংগনিরোধ উইং ডিএই | 01718630971 ali.azhar.kh@gmail.com | [signature] |
| ১৩ | ড. মো: [illegible] জিলানী চৌধুরী | সদস্য পরিচালক (শস্য) (রু.দা.) বিএআরসি | 01552355393 zilani71@gmail.com | [signature] ২৫/২/১৮ |
| ১৪ | ড. মো: জাকির হোসেন | উপ-পরিচালক (বীজ প্রত্যয়ন) SCA, Gazipur | 01980503919 zhossainsca@gmail.com | [signature] ২৫/২/১৮ |
| ১৫ | ড. [illegible] | [illegible] | 01813158197 | [signature] 25/2/18 |
| ১৬ | ড. মো: মনজুরুল আলম | মহাপরিচালক [illegible] | 0173118907 | [signature] ২৫/২/২০১৮ |
| ১৭ | ড. মো: [illegible] | মহাপরিচালক [illegible] | 01710287841 | [signature] ২৫/২/১৮ |
| ১৮ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | 01718018710 mckarmoker@gmail.com | [signature] ২৫/02/১৮ |
| ১৯ | মুহাম্মদ [illegible] নাসির | সহকারী বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় | 01913471802 | [signature] ২৫/02/২০১৮ |
| ২০ | | | | |
| ২১ | | | | |
| ২২ | | | | |
| ২৩ | | | | |
| ২৪ | | | | |
| ২৫ | | | | |